

সংবাদ

2-5 JUL 2017

শিক্ষার্থীদের ঘোষণা // দাবি আদায় না হওয়া পর্যন্ত আন্দোলন চলবে

বিশ্ববিদ্যালয় বার্তা পরিবেশক

ঢাবি অধিভুক্ত কলেজ শিক্ষার্থীদের শান্তিপূর্ণ কর্মসূচিতে পুলিশি হামলার বিচার, শিক্ষার্থীদের নামে করা মামলা প্রত্যাহারসহ ৭ দফা দাবি বাস্তবায়নের দাবিতে গতকাল এক সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। সংবাদ সম্মেলনে শিক্ষার্থীরা দাবি আদায় না হওয়া পর্যন্ত আন্দোলন চালিয়ে যাওয়ার ঘোষণা দেন। চলমান পরিস্থিতি নিয়ে আন্দোলনরত অধিভুক্ত সাত কলেজের শিক্ষার্থীরা গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের মধুর ক্যান্টিনেএ সংবাদ সম্মেলনের আয়োজন করে। সংবাদ সম্মেলনে বলা হয়, ঢাবি অধিভুক্ত কলেজ শিক্ষার্থীদের শান্তিপূর্ণ কর্মসূচিতে পুলিশি হামলার বিচার করা, শিক্ষার্থীদের নামে করা মামলা প্রত্যাহার করা, অবিলম্বে পরীক্ষার কাটন প্রকাশ করা, ক্লাসরুম সংকট ও শিক্ষক সংকট নিরসন করা, কলেজগুলোর লাইব্রেরি সেমিনারে পর্যাপ্ত নতুন বই নিশ্চিত করা, সাত কলেজের জন্য পৃথক ওয়েবসাইট তৈরি করাসহ ৭ দফা দাবি বাস্তবায়ন করতে দাবি : পৃষ্ঠা : ১৫ ক : ৬

দাবি : আদায়

(১ম পৃষ্ঠার পর)

আন্দোলনরত শিক্ষার্থীদের পক্ষ থেকে ২৫ তারিখ পর্যন্ত অস্টিমেটাম দেয়া হয়। এখন পর্যন্ত আমরা আমাদের দাবির বাস্তবায়ন দেখছি না। গত রোববার ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের সঙ্গে সাত কলেজের অধ্যক্ষসহ কিছু শিক্ষার্থীর বৈঠক হয়। কিন্তু আন্দোলনের বিষয় হলো, বৈঠকে শিক্ষার্থীদের প্রতিনিধি হিসেবে যাদের পরিচয় করিয়ে দেয়া হয়েছে তারা আন্দোলনরত শিক্ষার্থীদের প্রতিনিধিত্ব করে না। বৈঠকের বিষয়ে আন্দোলনে জড়িতদের সঙ্গে কোন আলোচনাই হয়নি। আন্দোলন কর্মসূচি পালন করতে গিয়ে রোববার বিভিন্ন জায়গায় শিক্ষার্থীদের বাধার সম্মুখীন হতে হয়েছে। এমনকি তাদের ছমকিও দেয়া হয়েছে।

আগামীকাল প্রেসক্লাবে প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হবে। দাবি আদায় না হলে ওই প্রতিবাদ সমাবেশ থেকে পরবর্তীতে আরও কঠিন কর্মসূচি ঘোষণা করা হবে। সংবাদ সম্মেলনে ৭ দফা দাবি বাস্তবায়নসহ শিক্ষার্থীদের শান্তিপূর্ণ কর্মসূচিতে পুলিশি হামলার বিচার করা এবং ১২০০ শিক্ষার্থীর নামে করা মামলা প্রত্যাহারের দাবি জানানো হয়। এছাড়াও পুলিশের গুলিতে আহত সিদ্দিকুরকে উন্নত চিকিৎসার জন্য বিদেশে পাঠানোর জোর দাবি জানানো হয়। সংবাদ সম্মেলনে সাত কলেজের প্রতিনিধি হিসেবে লিখিত বক্তব্য পাঠ করেন তিতুমীর কলেজের শিক্ষার্থী রিয়াজ মাহমুদ। এছাড়াও সংবাদ সম্মেলনে অধিভুক্ত অন্য কলেজের শিক্ষার্থীদের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

ব্যানবেইস	
পরিচালকের কার্যালয়	
প্রাপ্তি নং.....	
তারিখ.....	
চীফ, পরিসংস্থান বিভাগ	
চীফ, ডি.এল.পি বিভাগ	
সিস্টেম এনালিস্ট	
সিস্টেম ম্যানেজার	
প্রশাসনিক কর্মকর্তা	
পি.এ.	
কার্যার্থে/জ্ঞাতার্থে	
	স্বাক্ষর